সংবাদ

তারিখ ... 28 DEC 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

চাটখিল নারায়ণপুর সর. প্রা. বিদ্যালয়

# চাটখিলে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

**প্রতিনিধি, চাটখিল (নোয়াখালী)**

চাটখিল উপজেলার নারায়নপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কবির হোসেনের বিরুদ্ধে অনিয়ম, স্বেচ্ছাচারিতা, ছাত্রীদের সাথে অসৌজন্যমূলক আচরণ এবং ছাত্রীদের মায়েদের সাথে আপত্তিকর আচরণসহ পরীক্ষার ফলাফল ঘোষণায় জালিয়াতির অভিযোগ পাওয়া গেছে।

গত সোমবার দুপুরে চাটখিল উপজেলা নির্বাহী অফিসারের কাছে স্কুলের অর্ধশতাধিক ছাত্রছাত্রীদের অভিভাবক এ বিষয়ে তাদের স্বাক্ষরিত লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগে জানা যায়, স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কবির হোসেনের বাড়ী স্কুলের ১০০ গজ দূরে হওয়ায় তিনি সরকারী কোন নিয়ম নীতি অনুসরণ না করে যখন তখন স্কুল ছুটি দিয়ে দেন। ছাত্র ছাত্রীদের দিয়ে বাড়িতে তার ব্যক্তিগত কাজ করান। ছাত্রীদের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন এবং ছাত্র ছাত্রীদের মায়েদের সাথে আপত্তিকর আচরণ করেন। অভিযোগে আরো জানা যায়, তিনি স্কুলের গাছ বিক্রি করে টাকা আত্মসাৎ করেন। পাশাপাশি সহকর্মীদের সাথেও খারাপ আচরণ করেন। বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষায় ফলাফল ঘোষনায় তিনি যোগ্যতার মূল্যায়ন না করে ইচ্ছেমতো নাম্বার দিয়ে ফলাফল ঘোষণা করে থাকেন। তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির মতামতের তোয়াক্কা না করে ইচ্ছেমতো বিদ্যালয় পরিচালনা করে থাকেন। এ বিষয়ে চাটখিল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় অভিযোগ প্রাপ্তির কথা স্বীকার করেছে। এ ব্যাপারে অভিযুক্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কবির হোসেনের সাথে যোগাযোগ করলে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন।